Vol.-1
2021-2022



আমাদের পরিচিতি

RAFIQUE SEEDS

রফিক সীডস্

Committed to Growers

রফিক সীডস্ -এর
গবেষণা ও উন্নয়ন খামার

সামাজিক দায়বদ্ধতার নিরীখে রফিক সীডস্ এর পক্ষ থেকে
সাধারণ কৃষকদের মধ্যে বিনামূল্যে চারা বিতরণ।

গ্রীণ ভ্যালী নার্সারি

রফিক সীডস্-এর একটি অঙ্গ প্রতিষ্ঠান

এখানে উন্নতমানের হাইব্রিড সব্জি, ফুল, ফল ও বনজ উদ্ভিদের চারা পাওয়া যায়।

গ্রীণ ভ্যালী নার্সারি

প্রাণনগর (২৬ মাইল), বীরগঞ্জ, দিনাজপুর, বাংলাদেশ।
মোবাইল : ০১৪০৬-১৫০৪৯২

এক নজরে

রফিক সীডস্-এর

আঞ্চলিক বিপণন পরিচিতি

অঞ্চল	এলাকা	যোগাযোগ
ঠাকুরগাঁও	ঠাকুরগাঁও, পঞ্চগড় এবং নীলফামারী	০১৪০৬-১৫০৪৮৪
দিনাজপুর	দিনাজপুর	০১৪০৭-০৯৬৯৭৪
ময়মনসিংহ	ময়মনসিংহ, জামালপুর, কিশোরগঞ্জ, শেরপুর, নেত্রকোনা এবং গাজীপুর	০১৪০৬-১৫০৪৮৬
রংপুর	রংপুর, গাইবান্ধা, লালমনিরহাট এবং কুড়িগ্রাম	০১৪০৬-১৫০৪৮৫
বগুড়া	বগুড়া, জয়পুরহাট, নওগাঁ ও সিরাজগঞ্জ (অংশ বিশেষ)	০১৪০৬-১৫০৪৮৩
পাবনা	পাবনা, রাজশাহী, নাটোর ও সিরাজগঞ্জ (অংশ বিশেষ)	০১৪০৭-০৯৬৯৭২
যশোর	যশোর, খুলনা, নড়াইল, সাতক্ষীরা, বাগেরহাট এবং ঝিনাইদহ (অংশ বিশেষ)	০১৪০৬-১৫০৪৮৯ ০১৪০৬-১৫০৪৯১
কুমিল্লা	কুমিল্লা	০১৪০৭-০৯৬৯৭১
লক্ষ্মীপুর	লক্ষ্মীপুর, চাঁদপুর, নোয়াখালী	০১৪০৭-০৯৬৯৭৩
চট্টগ্রাম	বৃহত্তর চট্টগ্রাম	০১৪০৭-০৯৬৯৭৫

হেল্পলাইন ঃ ০১৪০৬-১৫০৪৮৯

RAFIQUE SEEDS

আমদানীকারক ও বাজারজাতকারী ঃ

রফিক সীডস্

RAFIQUE SEEDS

কর্পোরেট অফিস ঃ

পূর্ব হাজীপাড়া (স্টেডিয়াম সংলগ্ন), দিনাজপুর রোড
ঠাকুরগাঁও, বাংলাদেশ।

+৮৮-০১৭১৬-৪৯১৮৪৯, ০১৮৪৮-০৪৫৬৯৮

+৮৮-০৫৬১-৫২৫১৯

rafiqueseedsbd@gmail.com

www.rafiqueseeds.com

চোখ মেলে দেখা

বাংলাদেশ কৃষি প্রধান দেশ। প্রত্যক্ষ ও পরোক্ষভাবে এখনো এ দেশের অধিকাংশ মানুষ কৃষির উপর নির্ভরশীল। বর্তমান বাংলাদেশে সনাতন পদ্ধতির পরিবর্তে আধুনিক ও প্রযুক্তি নির্ভর লাভজনক কৃষি উৎপাদন ব্যবস্থা গড়ে উঠেছে। ফলে কৃষি উৎপাদন বেড়েছে এবং পেশা হিসেবে কৃষি জীবিকা নির্বাহের স্তর থেকে বাণিজ্যিক স্তরে পৌছে গেছে। বাংলাদেশের কৃষির এই আমুল পরিবর্তনে কৃষি সংশ্লিষ্ট সবার অবদান অনস্বীকার্য। বাংলার আপামর কৃষক, কৃষিবিজ্ঞানী, সরকারী ও বেসরকারী সম্প্রসারণ কর্মী,সংশ্লিষ্ট এনজিও এবং ব্যবসায়ী যাদের অবদানে আমাদের কৃষি আজ শক্ত ভীতের উপর অধিষ্ঠিত। ইতোমধ্যে বাংলাদেশ জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার তথ্যমতে, দানাদার খাদ্যশস্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেছে- পাট উৎপাদনে ২য়, সবজি উৎপাদনে ৩য়, ধান উৎপাদনে বিশ্বে ৪র্থ, চা উৎপাদনে ৪র্থ, আলু উৎপাদনে ৮ম, আম ও পেয়ারা উৎপাদনে ৮ম স্থান অর্জন করেছে। এ উৎপাদনের পেছনে উন্নত এবং মানসম্পন্ন বীজের একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

বীজ হলো কৃষির উন্নয়নে প্রধান ও মুখ্য উপকরণ। আমাদের দেশের বীজ শিল্পের বহুল প্রচলিত স্লোগান হচ্ছে, "ভালো বীজ ভালো ফসল"। ভালো বীজ মানে উন্নতমানের বীজ; মানসম্পন্নবীজ। বীজ ভালো না হলে অন্যান্য উপকরণের ব্যবহার ফলপ্রসূ হয় না, কখনও কখনও একেবারেই অপচয় হয়। এটা পরীক্ষিত যে, উন্নত এবং মানসম্পন্ন বীজ ব্যবহারে শতকরা ২০-২৫% ভাগ উৎপাদন বৃদ্ধি করা সম্ভব। অথচ একটি ফসল উৎপাদনের মোট খরচের মাত্র ৫-৭% বীজের খরচ। সুতরাং মানসম্পন্ন বীজকে কেন্দ্র বিন্দু ধরেই স্থিতিশীল খাদ্য ও পুষ্টি নিরাপত্তা অর্জনের কৌশলগত পরিকল্পনা গ্রহণ করতে হবে।

এরই ধারাবাহিকতায় রফিক সীডস্ সুচনালগ্ন হতে অদ্যবধি উন্নত ও গুণগত মানসম্পন্ন বীজ সরবরাহ করে আসছে। প্রকৃত পক্ষে রফিক সীডস্ একটি আধুনিকমানের কৃষি প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি সর্বোৎকৃষ্ট মানের সেবায় বৈচিত্র আনার লক্ষ্যে উন্নত ও গুণগত মানসম্পন্ন বীজের পাশাপাশি অন্যান্য কৃষি উপকরণ যোগানদান করে আসছে। বিক্রয়োত্তর সেবা যেমনঃ জৈব-অজৈব ফসল ব্যবস্থাপনা, অর্গানিক ফার্মিং, রোগ বালাই দমন এবং উত্তোলিত ফসল বাজারজাতকরণে সহযোগীতা রফিক সীডস্‌কে করেছে অনন্য ও অন্যতম।

বর্ধিত জনসংখ্যার স্থিতিশীল নিরাপদ পুষ্টি সমৃদ্ধ খাদ্য, জলবায়ু পরিবর্তন এবং বৈশ্বিক অর্থনৈতিক সংকট বর্তমান সময়ে কৃষির মূল চ্যালেঞ্জ।

ফসল উৎপাদন করতে একজন কৃষকের সবথেকে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে হয় জাতনির্বাচনে। জলবায়ু পরিবর্তনের ফলে ফসল চাষাবাদে কৃষক প্রতিনিয়ত ক্ষতির সম্মুখীন হচ্ছে। এ জন্য প্রয়োজন পরিবর্তিত জলবায়ু সহিষ্ণু ফসলের জাত। এ কথা মাথায় রেখে রফিক সীডস্ গড়ে তুলেছে একটি আধুনিক মানের বীজ গবেষণাগার ও খামার। যেখানে প্রতিনিয়ত পরিবর্তনশীল জলবায়ুতে টিকে থাকতে সক্ষম এবং রোগ বালাই সহনশীল ফসলের জাত নির্বাচনের কাজ চলছে। স্বল্পমূল্যে উন্নত ও গুণগত মানসম্পন্ন বীজ সরবরাহের মাধ্যমে অধিক ফসল উৎপাদনে কৃষক তথা দেশের অর্থনৈতিক সহযোগিতায় আমাদের অন্যতম লক্ষ্য ও উদ্দেশ্য।

রফিক সীডস্ বাংলাদেশ সীড এসোসিয়েশন (BSA) এবং এশিয়া এ্যান্ড প্যাসিফিক সীড এসোসিয়েশন (APSA) এর গর্বিত সদস্য; এছাড়াও ইন্টারন্যাশনাল সীড ফেডারেশন (ISF) এর সদস্য পদ প্রক্রিয়াধীন। আমরা বীজ প্রক্রিয়াজাতকরণ থেকে বাজারজাতকরণ পর্যন্ত প্রতিটি ক্ষেত্রে ইন্টারন্যাশনাল সীড টেস্টিং এসোসিয়েশন (ISTA) ঘোষিত মানদন্ড অনুসরণ করে থাকি।

আমরা বিশ্বাস করি, আপনাদের সরকারি ও বেসরকারি সকল পর্যায়ের সহযোগিতায় স্বল্পমূল্যে উন্নত ও গুণগত মানসম্পন্ন বীজ কৃষকের দ্বারপ্রান্তে পৌছে দিয়ে কৃষকের আয় বৃদ্ধির মাধ্যমে গ্রামীণ উন্নয়নের ধারাকে ত্বরান্বিত করে বাংলাদেশকে কৃষিসমৃদ্ধ দেশ হিসেবে গড়ে তুলতে আমাদের অগ্রযাত্রায় আপনাদের অংশ গ্রহন একান্ত কাম্য।

এই চলমান প্রক্রিয়ায় অংশ গ্রহনের জন্য রফিক সীডস্ সকল প্রতিষ্ঠান ও ব্যক্তির কাছে কৃতজ্ঞ।

মোঃ রফিকুল ইসলাম
ম্যানেজিং ডিরেক্টর

ফসল ও জাত সমূহের ক্রমবিণ্যাস

নং	ফসল	জাত সমূহ	পৃষ্ঠা
০১	শসা	প্যারাডাইস, সানরাইজ, মাদারগঞ্জ-১, মাদারগঞ্জ প্লাস, টপার গ্রীন আশা-৩, বিগ বস, আর.এস-৭৭৭ ও মধুমতি	৩-৭
০২	করলা	মহারাজ প্লাস, টপার ও ওমর-১	৮-৯
০৩	লাউ	পপুলার, ম্যাডোনা ও পপুলার গ্রীণ	১০-১১
০৪	চিচিঙ্গা	গ্যালাক্সী ও উইনার	১২
০৫	ঝিঙ্গা	গ্রীণ ডায়মন্ড, ঠাকুর ও গ্রীণ শর্ট	১৩
০৬	ধুন্দল	মুনলাইট	১৪
০৭	চালকুমড়া	হ্যাপি	১৪-১৫
০৮	মিষ্টি কুমড়া	অনিক-১, অনিক-২, চন্দ্রমূখী	১৬-১৭
০৯	তরমুজ	রেড ড্রাগন, সুপার গ্রেট-১ ও ব্লাক সুগার	১৮-১৯
১০	টমেটো	রাজকুমার, রেড কিং, বেঙ্গল প্রাইড, আর.এস-৭৭০ ও রাজাবাবু (RS)	২০-২২
১১	মরিচ	লঙ্কাগ্রীণ, শক্তি, ময়না ও পাওয়ার	২৩-২৫
১২	বেগুন	সুপার কিং ও আর.এস-২৯৫	২৬
১৩	ঢেঁড়শ	জয়িতা প্লাস ও জয়িতা	২৭
১৪	ফুলকপি	টপ হিরো, আর্লী স্পেশাল ও মিড এক্সিলেন্ট	২৮
১৫	বাঁধাকপি	ট্রপিক্যাল হিরো ও সানমুন	২৯-৩০
১৬	মূলা	ক্রস-৩৫, টপ-৩৫ ও আর্লী-৩৫	৩১-৩২
১৭	বরবটি	লং গ্রীণ, বিউটি গ্রীন	৩৩-৩৪
১৮	**হাইব্রিড জাতের অন্যান্য ফসল সমূহ ঃ** ব্রোকলি, ওলকপি, গাজর, পেঁপে, স্কোয়াশ ও ক্যাপসিকাম		৩৫
১৯	**উচ্চফলনশীল ফসল সমূহ ঃ** শিম, বরবটি, পুঁইশাক, লালশাক, ডাঁটা, কলমীশাক, পালংশাক নওগাঁ ক্ষিরা, করলা, মিষ্টিকুমড়া, মূলা, শসা, পিঁয়াজ, ক্ষেতলাউ, বোম্বাই মরিচ ও চায়না বরবটি		৩৫-৩৬

F1 হাইব্রিড শসা ঃ প্যারাডাইস

বৈশিষ্ট্য ঃ

- **বপন সময় ঃ** ডিসেম্বর-জানুয়ারী মাস ব্যতীত সারাবছর চাষ উপযোগী।
- **গাছের ধরণ ঃ** মাঝারি আকৃতির, অধিক শাখা প্রশাখা বিশিষ্ট।
- **১ম ফল সংগ্রহ ঃ** ৩০-৩৫ দিন।
- **ফলের আকার ঃ** ৪.৫-৫ ইঞ্চি।
- **ফলের গড় ওজন ঃ** ২০০-২৫০ গ্রাম।
- **ফলের রং ঃ** আকর্ষণীয় হালকা সবুজ।
- **ফলন ঃ** ২৫-২৭ টন (একর প্রতি)।
- বাজারে প্রচলিত অন্যান্য জাতের চেয়ে আগাম, প্রতি গিঁটে গিঁটে ফল ধরে, গাছ ভাইরাস ও অন্যান্য রোগ সহনশীল।

F1 হাইব্রিড শসা ঃ সানরাইজ

বৈশিষ্ট্য ঃ

- **বপন সময় ঃ** সারাবছর চাষ উপযোগী।
- **গাছের ধরণ ঃ** অধিক শাখা প্রশাখা বিশিষ্ট।
- **১ম ফল সংগ্রহ ঃ** ৩৫-৩৮ দিন।
- **ফলের আকার ঃ** ৫.৫-৬ ইঞ্চি।
- **ফলের গড় ওজন ঃ** ২৩০-২৮০ গ্রাম।
- **ফলের রং ঃ** আকর্ষণীয় সবুজ।
- **ফলন ঃ** ২৬-২৮ টন (একর প্রতি)।
- আগাম, প্রতি গিঁটে গিঁটে ফল ধরে। গাছ ভাইরাস, ডাউনি মিলডিউ, পাউডারি মিলডিউ সহ বীজ বাহিত যেকোনো রোগ সহনশীল।

F1 হাইব্রিড শসা ঃ মাদারগঞ্জ-১

বৈশিষ্ট্য ঃ

- **বপন সময় ঃ** অক্টোবর-ফেব্রুয়ারী মাস।
- **গাছের ধরণ ঃ** অধিক বর্ধনশীল, বেশী শাখা-প্রশাখা বিশিষ্ট গাছ।
- **১ম ফল সংগ্রহ ঃ** ৩৫-৪০ দিন।
- **ফলের আকার ঃ** লম্বা (৮-১০ ইঞ্চি)।
- **ফলের গড় ওজন ঃ** ৩০০-৩৫০ গ্রাম।
- **ফলের রং ঃ** আকর্ষণীয় সবুজ।
- **ফলন ঃ** ২৯-৩১ টন (একর প্রতি)।
- গাছ দীর্ঘ দিন ধরে ফল দেয় এবং মোজাইক ভাইরাস, ডাউনি মিলডিউ, পাউডারি মিলডিউ সহ যেকোনো বীজ বাহিত রোগ সহনশীল।

F1 হাইব্রিড শসা ঃ মাদারগঞ্জ প্লাস

বৈশিষ্ট্য ঃ

- **বপন সময় ঃ** অক্টোবর-ফেব্রুয়ারী মাস।
- **গাছের ধরণ ঃ** অধিক বর্ধনশীল, বেশী শাখা-প্রশাখা বিশিষ্ট গাছ।
- **১ম ফল সংগ্রহ ঃ** ৩৫-৪০ দিন।
- **ফলের আকার ঃ** লম্বা (৮-১০ ইঞ্চি)।
- **ফলের গড় ওজন ঃ** ৩০০-৩৫০ গ্রাম।
- **ফলের রং ঃ** আকর্ষণীয় সবুজ।
- **ফলন ঃ** ২৮-৩০ টন (একর প্রতি)।
- এই জাতটি প্রচুর পরিমানে ও দীর্ঘদিন পর্যন্ত ফলন দিয়ে থাকে, প্রতিটি ফল প্রায় সমআকৃতির। গাছ ভাইরাস ও অন্যান্য রোগ সহনশীল।



F1 হাইব্রিড শসা ঃ টপার গ্রীন

বৈশিষ্ট্য ঃ

- **বপন সময় ঃ** সারাবছর মাস।
- **গাছের ধরণ ঃ** তুলনামূলক কম শাখা-প্রশাখা বিশিষ্ট গাছ।
- **১ম ফল সংগ্রহ ঃ** ৩২-৩৭ দিন।
- **ফলের আকার ঃ** মাঝারি লম্বা (৬-৮ ইঞ্চি)।
- **ফলের গড় ওজন ঃ** ২৫০-৩০০ গ্রাম।
- **ফলের রং ঃ** আকর্ষণীয় সবুজ।
- **ফলন ঃ** ২৮-৩০ টন (একর প্রতি)।
- ঠান্ডা ও গরম সহনশীল জাত। গাছ দীর্ঘদিন ফলন দেয়। প্রতিটি ফল প্রায় সম-আকৃতির। গাছ ভাইরাস, ডাউনি মিলডিউ, পাউডারি মিলডিউ সহ অন্যান্য রোগ সহনশীল।

F1 হাইব্রিড শসা ঃ আশা-৩

বৈশিষ্ট্য ঃ

- **বপন সময় ঃ** অক্টোবর-ফেব্রুয়ারী মাস।
- **গাছের ধরণ ঃ** অধিক শাখা প্রশাখা বিশিষ্ট।
- **১ম ফল সংগ্রহ ঃ** ৩৫-৪০ দিন।
- **ফলের আকার ঃ** মাঝারি লম্বা (৬-৭ ইঞ্চি)।
- **ফলের গড় ওজন ঃ** ২০০-২৫০ গ্রাম।
- **ফলের রং ঃ** আকর্ষণীয় সবুজ।
- **ফলন ঃ** ২৬-২৮ টন (একর প্রতি)।
- শীতকালে চাষের জন্য বিশেষভাবে উপযোগী জাত। প্রতি গিঁটে গিঁটে ফল ধরে, দীর্ঘদিন পর্যন্ত ফলন দেয় এবং প্রতিটি ফল প্রায় সমআকৃতির। গাছ ভাইরাস ও অন্যান্য রোগ সহনশীল।

শসার বিশেষ জাতসমূহ

রফিক সীডস্

বিগ বস

F1 হাইব্রিড শসা ঃ

বৈশিষ্ট্য ঃ

- **বপন সময় ঃ** সারাবছর।
- **গাছের ধরণ ঃ** সতেজ, দ্রুত বর্ধনশীল, দ্রুত স্ত্রী ফুল উৎপাদন সক্ষম।
- **১ম ফল সংগ্রহ ঃ** ৪৫-৫০ দিন। ● **ফলের রং ঃ** গাঢ় সবুজ।
- **ফলের আকার ঃ** লম্বা (১২-১৪ ইঞ্চি)। ● **ফলের গড় ওজন ঃ** ১-১.৪ কেজি।
- **ফলন ঃ** ২৮-৩০ টন (একর প্রতি)। ● দীর্ঘদিন ধরে ফলন দেয়।
- ফল হলুদ হয়না। ভাইরাস, পাউডারি ও ডাউনি মিলডিউ এবং বীজবাহিত রোগ সহনশীল।

F1 হাইব্রিড শসা ঃ আর.এস-৭৭৭

(স্বাদের জন্য বিশেষভাবে উপযোগী)

বৈশিষ্ট্য ঃ

- **বপন সময় ঃ** সারাবছর। ● **গাছের ধরণ ঃ** দ্রুত এবং অধিক বর্ধনশীল।
- **১ম ফল সংগ্রহ ঃ** ৫০-৫৫ দিন। ● **ফলের রং ঃ** আকর্ষণীয় হালকা সবুজ।
- **ফলের আকার ঃ** লম্বা (৮-১০ ইঞ্চি)।
- **ফলের গড় ওজন ঃ** ৪০০-৫০০ গ্রাম।
- **ফলন ঃ** ২৪-২৬ টন (একর প্রতি)।
- এই ফল খেতে খুবই সুস্বাদু। রং দেশী শসারমত আকর্ষণীয়।
- জাতটির বিশেষত্ব হচ্ছে এর আকর্ষণীয় ফ্লেভার।

F1 হাইব্রিড খিরা ঃ মধুমতি

বৈশিষ্ট্য ঃ

- **বপন সময় ঃ** সারাবছর।
- **গাছের ধরণ ঃ** ছোট প্রকৃতির ঝোপালো গাছ।
- **১ম ফল সংগ্রহ ঃ** ৪০-৪৫ দিন। ● **ফলের রং ঃ** হালকা সবুজ।
- **ফলের আকার ঃ** লম্বা (৪-৫ ইঞ্চি)।
- **ফলের গড় ওজন ঃ** ১৫০-২০০ গ্রাম। ● **ফলন ঃ** ২০-২৫ টন (একর প্রতি)।
- ফল দ্রুত অধিক ফল উৎপাদনের সক্ষম গাছ। খেতে অত্যন্ত সু-স্বাদু
- প্রতিটি ফল প্রায় সম-আকার-আকৃতির। গাছ দীর্ঘদিন ফলন দেয়।

শসার চাষ প্রণালী ও সার প্রয়োগের নিয়মাবলী

সময় ঃ তীব্র শীত ব্যতীত সারাবছর।

মাটি ঃ সারাদিন রোদ পায় এবং সুনিষ্কাশিত উর্বর দো-আঁশ মাটি শসা চাষের জন্য সবচেয়ে উপযোগী।

বীজের পরিমাণ ঃ ৩ গ্রাম প্রতি শতকে।

জমি তৈরী ঃ জমি ভালভাবে চাষ এবং মই দিয়ে মাটি ঝুরঝুরে করে তৈরী করতে হবে। জমি তৈরীর ক্ষেত্রে খেয়াল রাখতে হবে যেন বৃষ্টি বা সেচের পানি কোথাও জমে না থাকে এমনভাবে নালা তৈরী করতে হবে। এরপর ৩.৫ ফুট চওড়া ও উপযুক্ত দৈর্ঘ্যের বেড় তৈরী করতে হবে। প্রতিটি বেডে ৩ ফুট দূরে দূরে ১ ফুট চওড়া মাদা তৈরী করতে হবে।

বীজ বপণ/চারা রোপণ ও পরিচর্যা ঃ ট্রে কিংবা পলিব্যাগে উৎপাদিত চারা ও রোপণ করা যায়। সরাসরি বীজ বপনের ক্ষেত্রে প্রতিটি মাদায় ১ টি বীজ বপণ করা উচিত। ট্রে/পলিব্যাগের চারা রোপণের ক্ষেত্রে ১০-১৫ দিন বয়সের চারা প্রতিটি মাদায় ১টি করে রোপণ করতে হবে।

বাউনি বা মাচা ঃ চারা বড় হওয়া শুরু করলে তারের নেট বা সুতা এবং বাঁশের সাহায্যে বাউনি বা মাচা তৈরী করতে হবে।

সেচ ঃ শসা গাছ খরা বা অতিরিক্ত পানি কোনোটাই সহ্য করতে পারে না। তাই, প্রয়োজন অনুসারে সঠিকমাত্রায় পানি সেচ দিতে হবে।

আন্তঃ পরিচর্যা ঃ শসা চাষের ক্ষেত্রে জমি সবসময় আগাছা মুক্ত রাখতে হবে। জমিতে অতিরিক্ত পানি জমে গেলে জলাবদ্ধ পানি নিষ্কাশন করতে হবে। জমির মাটি অধিক শক্ত হয়ে গেলে মাঝে মধ্যে আঁচড়া দিয়ে মাটি আলগা করে দিতে হবে।

সার প্রয়োগ ঃ নিম্ন লিখিত ছকের মাধ্যমে শতক প্রতি সার প্রয়োগের পরিমাণ ও সময়ের বিবরণ দেয়া হলো।

সারের পরিমাণ ও প্রয়োগ (প্রতি শতাংশ জমির জন্য)					
সার	মোট সার	জমি তৈরীর সময়	শেষ চাষের সময়	১ম উপরি প্রয়োগ (১৫-২০ দিন পর)	২য় উপরি প্রয়োগ (৪০-৪৫ দিন পর)
পঁচা গোবর জৈব সার	৫০ কেজি	৫০ কেজি	--	--	--
ইউরিয়া	৫০০ গ্রাম	--	১০০ গ্রাম	২০০ গ্রাম	২০০ গ্রাম
টি এস পি	৮০০ গ্রাম	--	৮০০ গ্রাম	--	--
এম ও পি	৬০০ গ্রাম	--	৩০০ গ্রাম	২০০ গ্রাম	১০০ গ্রাম
জিপসাম	৪০০ গ্রাম	৪০০ গ্রাম	--	--	--
জিংক/দস্তাসার	৫০ গ্রাম	--	৫০ গ্রাম	--	--
বোরাক্স	৪০ গ্রাম	--	৪০ গ্রাম	--	--

বিশেষ দ্রষ্টব্য ঃ

ক) যেকোনো সার প্রয়োগের কমপক্ষে ৩-৫ দিন পরে বীজ বপন বা চারা রোপন করতে হবে।

খ) প্রতিবার সারের উপরি প্রয়োগের পর জমির শুষ্কতার উপর নির্ভর করে অবশ্যই প্রয়োজন অনুসারে জমিতে পানি সেচ দিতে হবে।

গ) গাছের অবস্থা বুঝে দরকার হলে এক/দুইবার উপরি প্রয়োগের সমপরিমাণ ইউরিয়া সার প্রয়োগ করা যেতে পারে।

সর্তকতা : হাইব্রিড শসা চাষ করে সেখান থেকে কোনক্রমেই পরবর্তীতে বীজ রাখা যাবে না।

F1 হাইব্রিড করলা ঃ মহারাজ প্লাস

বৈশিষ্ট্য ঃ

- **বপন সময় ঃ** তীব্র শীত ব্যতীত সারাবছর চাষ উপযোগী।
- **গাছের ধরণ ঃ** অধিক শাখা প্রশাখা বিশিষ্ট।
- **১ম ফল সংগ্রহ ঃ** ৪০-৪৫ দিন। ● **ফলের রং ঃ** আকর্ষণীয় সবুজ রঙের।
- **ফলের আকার ঃ** মাঝারি লম্বা গোলাকৃতির (৩-৪ ইঞ্চি)।
- **ফলের গড় ওজন ঃ** ৬০-৮০ গ্রাম। ● **ফলন ঃ** ১০-১২ টন (একর প্রতি)।
- প্রতি গিঁটে গিঁটে ফল ধরে, ফলের কাঁটা রাবারের মত হওয়ায় দূর পরিবহনে কাঁটা ভেঙ্গে যায় না। গাছ দীর্ঘ দিন ফল দেয় এবং শেষ পর্যন্ত ফলের আকার আকৃতি একই রকম থাকে। প্রতিকূল আবহাওয়ায় গাছ টিকে থাকতে পারে এবং ভাইরাস ও অন্যান্য রোগ সহনশীল।

F1 হাইব্রিড করলা ঃ টপার

বৈশিষ্ট্য ঃ

- **বপন সময় ঃ** তীব্র শীত ব্যতীত সারা বছরচাষ উপযোগী।
- **গাছের ধরণ ঃ** অধিক শাখা প্রশাখা বিশিষ্ট।
- **ফলের আকার ঃ** লম্বাকৃতির (৮-১০ ইঞ্চি)।
- **১ম ফল সংগ্রহ ঃ** ৪৫-৫০ দিন। ● **ফলের গড় ওজন ঃ** ৩৫০-৪২০ গ্রাম।
- **ফলের রং ঃ** গাঢ় সবুজ রঙের। ● **ফলন ঃ** ১২-১৪ টন (একর প্রতি)।
- প্রতি গিঁটে গিঁটে ফল ধরে, ফলের কাঁটা শক্ত, দূর পরিবহনে কাঁটা ভেঙ্গে যায় না। গাছ দীর্ঘ দিন ফল দেয় এবং শেষ পর্যন্ত ফলের আকার-আকৃতি একই রকম থাকে। গাছ ভাইরাস ও অন্যান্য রোগ সহনশীল।

F1 হাইব্রিড করলা ঃ ওমর-১

বৈশিষ্ট্য ঃ

- **বপন সময় ঃ** তীব্র শীত ব্যতীত সারাবছর চাষ উপযোগী।
- **গাছের ধরণ ঃ** অধিক শাখা প্রশাখা বিশিষ্ট।
- **ফলের আকার ঃ** লম্বাকৃতির (৬-৮ ইঞ্চি)।
- **১ম ফল সংগ্রহ ঃ** ৪৫-৫০ দিন। ● **ফলের গড় ওজন ঃ** ২০০-২৫০ গ্রাম।
- **ফলের রং ঃ** উজ্জল সবুজ রঙের। ● **ফলন ঃ** ৯-১১ টন (একর প্রতি)।
- প্রতি গিঁটে গিঁটে ফল ধরে, ফলের কাঁটা শক্ত, দূর পরিবহনে কাঁটা ভেঙ্গে যায় না। গাছ দীর্ঘ দিন ফল দেয় এবং শেষ পর্যন্ত ফলের আকার আকৃতি একই রকম থাকে। গাছ ভাইরাস ও অন্যান্য রোগ সহনশীল।

করলা চাষ প্রণালী ও সার প্রয়োগের নিয়মাবলী

সময় ঃ তীব্র শীত ব্যতীত সারাবছর চাষ উপযোগী।

মাটি ঃ সারাদিন রোদ পায় এবং সুনিষ্কাশিত উর্বর দো-আঁশ মাটি করলা চাষের জন্য সবচেয়ে উপযোগী।

বীজের পরিমাণ ঃ ৮-১০ গ্রাম প্রতি শতকে।

জমি তৈরী ঃ করলা গাছের শিকড় প্রায় ৫ ফুট পর্যন্ত দূরে বিস্তার লাভ করতে পারে। তাই জমি ভালোভাবে চাষ ও মই দেয়ার পর প্রায় ৬-৭ ফুট চওড়া এবং ৪-৬ ইঞ্চি উঁচু বেডের সাথে ১-১.৫ ফুট চওড়া সেচ নালা রাখা উচিত।

চারা রোপন ঃ পলি ব্যাগ বা ট্রেতে চারা তৈরী করে নেয়া ভালো। বীজ গজানোর পর ১৫-২০ দিন বয়সের চারা রোপন করা উত্তম।

চারা রোপনের দূরত্ব ঃ চারা হতে চারা ৪ ফুট এবং সারি হতে সারি ৫ ফুট।

মাচা তৈরী ঃ গাছের সঠিক বৃদ্ধি ও পর্যাপ্ত ফলনের জন্য উপযুক্ত সময়ে মাচার ব্যবস্থা করতে হবে।

পরিচর্যা ঃ বেড সব সময় আগাছামুক্ত রাখতে হবে। গাছের গোড়া থেকে কমপক্ষে ৩ ফুট উচ্চতার সকল শোষক শাখা অপসারন করতে হবে।

সেচ ঃ খরার সময় নিয়মিত পানি সেচ দিতে হবে। তবে, অতিরিক্ত পানি সেচ অবশ্যই পরিহার করতে হবে।

পোকামাকড় এবং রোগবালাই ঃ চারা অবস্থায় রেড পামকিন বিটল, থ্রিপস এবং জাবপোকার আক্রমন এবং ফল আসা শুরু হলে ফলে মাছি পোকা এবং ফল ছিদ্রকারী পোকার আক্রমন দেখা দিতে পারে। এক্ষেত্রে ফেরোমন ফাঁদ এবং বিষ টোপ ব্যবহার করতে হবে। অ্যানথ্রাকনোজ বা গাছে পাউডারি বা ডাউনি মিলডিউ এর মত সমস্যা দেখা দিতে পারে। এক্ষেত্রে কৃষি বিভাগের কর্মী বা উপযুক্ত এবং অভিজ্ঞ ব্যক্তির পরামর্শ নিয়ে যথাযথ দমন ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সার প্রয়োগ ঃ নিম্ন লিখিত ছকের মাধ্যমে শতক প্রতি সার প্রয়োগের পরিমাণ ও সময়ের বিবরণ দেয়া হলো।

সারের পরিমাণ ও প্রয়োগ (প্রতি শতাংশ জমির জন্য)

সার	মোট সার	জমি তৈরীর সময়	শেষ চাষের সময়	চারা রোপনের পর উপরি প্রয়োগ (প্রতি মাদায়)		
				১০-১৫ দিন পর	৩০-৩৫ দিন পর	৬০-৬৫ দিন পর
পঁচা গোবর জৈব সার	৭০ কেজি	৭০ কেজি	--	--	--	--
ইউরিয়া	৮০০ গ্রাম	--	১৫০ গ্রাম	২৫০ গ্রাম	২০০ গ্রাম	২০০ গ্রাম
টি এস পি	৭৫০ গ্রাম	--	৭৫০ গ্রাম	--	--	--
এম ও পি	১০০ গ্রাম	--	১০০ গ্রাম	--	--	--
জিপসাম	৩০০ গ্রাম	৩০০ গ্রাম	--	--	--	--
জিংক/দস্তাসার	--	--	--	--	--	--
বোরাক্স	--	--	--	--	--	--
ম্যাগনেসিয়াম	--	--	--	--	--	--

বিশেষ দ্রষ্টব্য ঃ

ক) যেকোনো সার প্রয়োগের কমপক্ষে ৩-৫ দিন পরে বীজ বপন বা চারা রোপন করতে হবে।

খ) প্রতিবার সারের উপরি প্রয়োগের পর জমির শুষ্কতার উপর নির্ভর করে অবশ্যই প্রয়োজন অনুসারে জমিতে পানি সেচ দিতে হবে।

গ) গাছের অবস্থা বুঝে দরকার হলে এক/দুইবার উপরি প্রয়োগের সমপরিমাণ ইউরিয়া সার প্রয়োগ করা যেতে পারে।

সর্তকতা : হাইব্রিড করলা চাষ করে সেখান থেকে কোনক্রমেই পরবর্তীতে বীজ রাখা যাবে না।

F1 হাইব্রিড লাউ ঃ পপুলার

বৈশিষ্ট্য ঃ

- **বপন সময় ঃ** সারাবছর চাষ উপযোগী।
- **গাছের ধরণ ঃ** দ্রুত বর্ধনশীল ও অধিক শাখা প্রশাখা বিশিষ্ট।
- **১ম ফল সংগ্রহ ঃ** ৫০-৫৫ দিন।
- **ফলের আকার ঃ** আদর্শ বোতল আকৃতির (১৮-২০ ইঞ্চি)।
- **ফলের গড় ওজন ঃ** ২.৫-৩ কেজি।
- **ফলের রং ঃ** আকর্ষণীয় হালকা সাদা ফোঁটাযুক্ত সবুজ রঙের।
- **ফলন ঃ** ৩০-৩৫ টন (একর প্রতি)।
- প্রতি গিঁটে গিঁটে ফল ধরে এবং শেষ পর্যন্ত ফলের আকার আকৃতি একইরকম থাকে। গাছ ভাইরাস ও অন্যান্য রোগ সহনশীল।

F1 হাইব্রিড লাউ ঃ ম্যাডোনা

বৈশিষ্ট্য ঃ

- **বপন সময় ঃ** সারাবছর চাষ উপযোগী।
- **গাছের ধরণ ঃ** দীর্ঘ সময় ব্যাপী প্রচুর শাখা প্রশাখা ও উৎপাদনে সক্ষম।
- **১ম ফল সংগ্রহ ঃ** ৫০-৫৫ দিন।
- **ফলের আকার ঃ** মাঝারি বোতল আকৃতির (১২-১৪ ইঞ্চি)।
- **ফলের গড় ওজন ঃ** ১.৫-২ কেজি।
- **ফলের রং ঃ** আকর্ষণীয় হালকা সাদা ফোঁটাযুক্ত সবুজ রঙের।
- **ফলন ঃ** ৩০-৩৫ টন (একর প্রতি)।
- প্রতি গিঁটে গিঁটে ফল ধরে এবং শেষ পর্যন্ত ফলের আকার আকৃতি একইরকম থাকে। গাছ ভাইরাস ও অন্যান্য রোগ সহনশীল।

F1 হাইব্রিড লাউ ঃ পপুলার গ্রীণ

বৈশিষ্ট্য ঃ

- **বপন সময় ঃ** সারাবছর চাষ উপযোগী।
- **গাছের ধরণ ঃ** প্রচুর শাখা প্রশাখা বিশিষ্ট।
- **১ম ফল সংগ্রহ ঃ** ৫০-৫৫ দিন।
- **ফলের আকার ঃ** মাঝারি বেলনাকৃতির (১২-১৪ ইঞ্চি)।
- **ফলের গড় ওজন ঃ** ১.৫-২ কেজি।
- **ফলের রং ঃ** হালকা সবুজ।
- **ফলন ঃ** ৩০-৩৫ টন (একর প্রতি)।
- প্রতিটি শাখায় প্রচুর ফল ধরে এবং শেষ পর্যন্ত ফলের আকার আকৃতি একই রকম থাকে। গাছ ভাইরাস ও অন্যান্য রোগ সহনশীল। গাছ হতে ফল উঠাতে দেরি হলেও ফল কচি থাকে।

লাউয়ের চাষ প্রণালী ও সার প্রয়োগের নিয়মাবলী

সময় ঃ সারাবছর।

মাটি ঃ সারাদিন রোদ পায় এবং সুনিষ্কাশিত উর্বর দো-আঁশ মাটি লাউ চাষের জন্য সবচেয়ে উপযোগী।

বীজের পরিমাণ ঃ ৪-৬ গ্রাম প্রতি শতকে।

জমি তৈরী ঃ লাউয়ের শিকড় প্রায় ৬ ফুট পর্যন্ত দূরে বিস্তার লাভ করতে পারে। তাই জমি ভালোভাবে চাষ ও মই দেয়ার পর প্রায় ৯ ফুট চওড়া এবং ৪-৬ ইঞ্চি উঁচু বেডের সাথে ১-১.৫ ফুট চওড়া সেচ নালা রাখা উচিত।

চারা রোপন ঃ পলি ব্যাগ বা ট্রেতে চারা তৈরী করে নেয়া ভালো। বীজ গজানোর পর ১৬-১৭ দিন বয়সের চারা রোপন করা উত্তম।

চারা রোপন দূরত্ব ঃ চারা-চারা ৭.৫ ফুট এবং সারি হতে সারি ৭.৫ ফুট।

মাচা তৈরী ঃ লাউ এর গাছ অনেক ভারী হয়। তাই শক্ত মাচা তৈরী করা উচিৎ।

পরিচর্যা ঃ বেড সব সময় আগাছামুক্ত রাখতে হবে। গাছের গোড়া থেকে কমপক্ষে ৩ ফুট উচ্চতার সকল শোষক শাখা অপসারন করতে হবে। গাছ মাচায় উঠে কিছুদূর অগ্রসর হওয়ার পর ডগা কেটে দিতে হবে। এতে দ্রুত এবং বেশি ফুল ফল আসবে। পুনরায় শাখা ডগাগুলো কেটে দিলে আরো ভালো ফলাফল পাওয়া যায়। ফুল আসলে নিয়মিত হাত পরাগায়ন করা দরকার।

সেচ ঃ লাউ গাছে প্রচুর পানির দরকার হয়। তাই খরার সময় নিয়মিত পানি সেচ দিতে হবে। তবে, অতিরিক্ত পানি সেচ অবশ্যই পরিহার করতে হবে।

পোকামাকড় এবং রোগবালাই ঃ চারা অবস্থায় রেড পামকিন বিটল, থ্রিপস এবং জাবপোকার আক্রমন দেখা দিতে পারে। ফল আসা শুরু হলে ফলে মাছি পোকার আক্রমন দেখা দিতে পারে। এক্ষেত্রে ফেরোমন ফাঁদ এবং বিষ টোপ ব্যবহার করতে হবে। অ্যানথ্রাকনোজ বা গাছে পাউডারি বা ডাউনি মিলডিউ এর মত সমস্যা দেখা দিতে পারে। এসব ক্ষেত্রে কৃষি বিভাগের কর্মী বা উপযুক্ত এবং অভিজ্ঞ ব্যক্তির পরামর্শ নিয়ে যথাযথ দমন ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সার প্রয়োগ ঃ নিম্ন লিখিত ছকের মাধ্যমে শতক/মাদা প্রতি সার প্রয়োগের পরিমাণ ও সময়ের বিবরণ দেয়া হলো।

সারের পরিমাণ ও প্রয়োগ (প্রতি শতাংশ জমির জন্য)

সার	মোট সার	জমি তৈরীর সময়	শেষ চাষের সময়	চারা রোপনের পর উপরি প্রয়োগ (প্রতি মাদায়)			
				১০-১৫ দিন পর	৩০-৩৫ দিন পর	৫০-৫৫ দিন পর	৭০-৭৫ দিন পর
পঁচা গোবর জৈব সার	৮০ কেজি	২০ কেজি	৬০ কেজি	--	--	--	--
ইউরিয়া	১০০০ গ্রাম	--		২৫০ গ্রাম	২৫০ গ্রাম	২৫০ গ্রাম	২৫০ গ্রাম
টি এস পি	৮০০ গ্রাম	২০০ গ্রাম	৫০০ গ্রাম	১০০ গ্রাম	--	--	--
এম ও পি	৬০০ গ্রাম	--	৩০০ গ্রাম	২০০ গ্রাম	১০০ গ্রাম	--	--
জিপসাম	৪০০ গ্রাম	৪০০ গ্রাম	--	--	--	--	--
জিংক/দস্তাসার	৫০ গ্রাম	৫০ গ্রাম	--	--	--	--	--
বোরাক্স	৪০ গ্রাম	৪০ গ্রাম	--	--	--	--	--
ম্যাগনেসিয়াম	৫০ গ্রাম	--	৫০ গ্রাম	--	--	--	--

বিশেষ দ্রষ্টব্য ঃ ক) যেকোনো সার প্রয়োগের কমপক্ষে ৩-৫ দিন পরে বীজ বপন বা চারা রোপন করতে হবে।

খ) প্রতিবার সারের উপরি প্রয়োগের পর জমির শুষ্কতার উপর নির্ভর করে অবশ্যই প্রয়োজন অনুসারে জমিতে পানি সেচ দিতে হবে।

গ) গাছের অবস্থা বুঝে দরকার হলে এক/দুইবার উপরি প্রয়োগের সমপরিমাণ ইউরিয়া সার প্রয়োগ করা যেতে পারে।

সর্তকতা ঃ হাইব্রিড লাউ চাষ করে সেখান থেকে কোনক্রমেই পরবর্তীতে বীজ রাখা যাবে না।

F1 হাইব্রিড চিচিঙ্গা ঃ গ্যালাক্সি

বৈশিষ্ট্য ঃ

- **বপন সময় ঃ** ফেব্রুয়ারী-সেপ্টেম্বর মাস পর্যন্ত চাষ উপযোগী।
- **গাছের ধরণ ঃ** অধিক শাখা প্রশাখা বিশিষ্ট।
- **১ম ফল সংগ্রহ ঃ** ৪৫-৫০ দিন।
- **ফলের আকার ঃ** লম্বা (১৬-১৮ ইঞ্চি)।
- **ফলের গড় ওজন ঃ** ২৫০-৩০০ গ্রাম।
- **ফলের রং ঃ** হালকা সবুজের মাঝে সাদা লম্বা দাগযুক্ত ।
- **ফলন ঃ** ২০-২২ টন (একর প্রতি)।
- প্রতি গিঁটে গিঁটে ফল ধরে, ফল আঁশবিহীন, মোলায়েম ও খেতে সুস্বাদু। ফলের উপরিভাগ মসৃণ হওয়ায় দূরে পরিবহনের ক্ষেত্রে দাগ কম দেখা যায়। প্রতিকূল আবহাওয়ায় টিকে থাকতে সক্ষম এবং গাছ ভাইরাস ও অন্যান্য রোগ সহনশীল।

F1 হাইব্রিড চিচিঙ্গা ঃ উইনার

বৈশিষ্ট্য ঃ

- **বপন সময় ঃ** ফেব্রুয়ারী-সেপ্টেম্বর মাস পর্যন্ত চাষ উপযোগী।
- **গাছের ধরণ ঃ** অধিক শাখা প্রশাখা বিশিষ্ট।
- **১ম ফল সংগ্রহ ঃ** ৪৫-৫০ দিন।
- **ফলের আকার ঃ** লম্বা (১৮-২০ ইঞ্চি)।
- **ফলের গড় ওজন ঃ** ৩০০-৩৫০ গ্রাম।
- **ফলের রং ঃ** গাঢ় সবুজের মাঝে সাদা লম্বা দাগযুক্ত ।
- **ফলন ঃ** ২০-২৪ টন (একর প্রতি)।
- প্রতি গিঁটে গিঁটে ফল ধরে, ফল আঁশবিহীন, মোলায়েম ও খেতে সুস্বাদু। ফলের উপরিভাগ মসৃণ হওয়ায় দূরে পরিবহনের ক্ষেত্রে দাগ কম দেখা যায়। প্রতিকূল আবহাওয়ায় টিকে থাকতে সক্ষম এবং গাছ ভাইরাস ও অন্যান্য রোগ সহনশীল।

F1 হাইব্রিড ঝিঙ্গা ঃ গ্রীণ ডায়মন্ড

বৈশিষ্ট্য ঃ

- **বপন সময় ঃ** ফেব্রুয়ারী-সেপ্টেম্বর মাস পর্যন্ত চাষ উপযোগী। তবে, ফেব্রুয়ারী-মার্চ পর্যন্ত চাষে অধিক ফলন পাওয়া যায়।
- **গাছের ধরণ ঃ** অধিক শাখা প্রশাখা বিশিষ্ট।
- **১ম ফল সংগ্রহ ঃ** ৪০-৪৫ দিন। ● **ফলের রং ঃ** হালকা সবুজ রঙের।
- **ফলের আকার ঃ** লম্বা (১০-১২ ইঞ্চি)।
- **ফলের গড় ওজন ঃ** ২০০-২৪০ গ্রাম। ● **ফলন ঃ** ১২-১৪ টন (একর প্রতি)।
- প্রতি গিঁটে গিঁটে ফল ধরে, ফল উঠাতে দেরি হলেও সহজে আঁশ হয় না। প্রতিকূল আবহাওয়ায় টিকে থাকতে সক্ষম এবং গাছ ভাইরাস ও অন্যান্য রোগ সহনশীল।

F1 হাইব্রিড ঝিঙ্গা ঃ ঠাকুর

বৈশিষ্ট্য ঃ

- **বপন সময় ঃ** ফেব্রুয়ারী-সেপ্টেম্বর মাস পর্যন্ত চাষ উপযোগী। তবে, ফেব্রুয়ারী-মার্চ পর্যন্ত চাষে অধিক ফলন পাওয়া যায়।
- **গাছের ধরণ ঃ** অধিক শাখা প্রশাখা বিশিষ্ট।
- **১ম ফল সংগ্রহ ঃ** ৪৫-৫০ দিন। ● **ফলের রং ঃ** হালকা সবুজ রঙের।
- **ফলের আকার ঃ** লম্বা (১৪-১৬ ইঞ্চি)।
- **ফলের গড় ওজন ঃ** ২৫০-৩০০ গ্রাম। ● **ফলন ঃ** ১৪-১৬ টন (একর প্রতি)।
- প্রতি গিঁটে গিঁটে ফল ধরে, ফল উঠাতে দেরি হলেও সহজে আঁশ হয় না। প্রতিকূল আবহাওয়ায় টিকে থাকতে সক্ষম এবং গাছ ভাইরাস ও অন্যান্য রোগ সহনশীল।

F1 হাইব্রিড ঝিঙ্গা ঃ গ্রীন শর্ট

বৈশিষ্ট্য ঃ

- **বপন সময় ঃ** ফেব্রুয়ারী-সেপ্টেম্বর মাস পর্যন্ত চাষ উপযোগী। তবে, ফেব্রুয়ারী-মধ্য মার্চ পর্যন্ত চাষে অধিক ফলন পাওয়া যায়।
- **গাছের ধরণ ঃ** অধিক শাখা প্রশাখা বিশিষ্ট। ● **ফলের রং ঃ** হালকা সবুজ রঙের।
- **১ম ফল সংগ্রহ ঃ** ৪০-৪৫ দিন। ● **ফলের আকার ঃ** লম্বা (১২-১৪ ইঞ্চি)।
- **ফলের গড় ওজন ঃ** ১৮০-২২০ গ্রাম। ● **ফলন ঃ** ১৩-১৫ টন (একর প্রতি)।
- প্রতি গিঁটে গিঁটে ফল ধরে, ফল উঠাতে দেরি হলেও সহজে আঁশ হয় না। প্রতিকূল আবহাওয়ায় টিকে থাকতে সক্ষম এবং গাছ ভাইরাস ও অন্যান্য রোগ সহনশীল।

F1 হাইব্রিড ধুন্দল ঃ মুন লাইট

বৈশিষ্ট্য ঃ

- **বপন সময় ঃ** তীব্র শীত ব্যতীত সারাবছর চাষ উপযোগী।
- **গাছের ধরণ ঃ** অধিক শাখা প্রশাখা বিশিষ্ট।
- **১ম ফল সংগ্রহ ঃ** ৪৫-৫০ দিন।
- **ফলের আকার ঃ** লম্বা (১২-১৪ ইঞ্চি)।
- **ফলের গড় ওজন ঃ** ২৫০-৩০০ গ্রাম।
- **ফলের রং ঃ** আকর্ষণীয় হালকা সবুজ।
- **ফলন ঃ** ১৫-১৮ টন (একর প্রতি)।
- প্রতি গিঁটে গিঁটে ফল ধরে, ফল আঁশবিহীন, মোলায়েম ও খেতে সুস্বাদু। ফলের উপরিভাগ মসৃণ হওয়ায় দূরে পরিবহনের ক্ষেত্রে দাগ কম দেখা যায়। প্রতিকূল আবহাওয়ায় গাছ ভাইরাস ও অন্যান্য রোগ সহনশীল।

F1 হাইব্রিড চালকুমড়া ঃ হ্যাপি

বৈশিষ্ট্য ঃ

- **বপন সময় ঃ** তীব্র শীত ব্যতীত সারাবছর চাষ উপযোগী।
- **গাছের ধরণ ঃ** অধিক শাখা প্রশাখা বিশিষ্ট।
- **১ম ফল সংগ্রহ ঃ** ৬০-৬৫ দিন।
- **ফলের আকার ঃ** মাঝারি লম্বাকৃতির (৮-১০ ইঞ্চি)।
- **ফলের গড় ওজন ঃ** ১-১.৫ কেজি।
- **ফলের রং ঃ** হালকা সবুজ রঙের।
- **ফলন ঃ** ১৮-২০ টন (একর প্রতি)।
- প্রতিটি ফল সম-আকৃতির। গাছ দীর্ঘ দিন ফল দেয় এবং শেষ পর্যন্ত ফলের আকার আকৃতি একই রকম থাকে। গাছ ভাইরাস ও অন্যান্য রোগ সহনশীল।



ঝিঙ্গা, চিচিংঙ্গা, চালকুমড়া ও ধুন্দলের চাষ প্রণালী এবং সার প্রয়োগের নিয়মাবলী

সময় ঃ তীব্র শীত ব্যতীত সারাবছর চাষ উপযোগী।

মাটি ঃ সারাদিন রোদ পায় এবং সুনিষ্কাশিত উর্বর দো-আঁশ মাটি ঝিঙ্গা, চিচিংঙ্গা, চালকুমড়া ও ধুন্দল চাষের জন্য সবচেয়ে উপযোগী।

বীজের পরিমাণ ঃ ৮-১০ গ্রাম প্রতি শতকে।

জমি তৈরী ঃ গাছের শিকড় প্রায় ৫ ফুট পর্যন্ত দূরে বিস্তার লাভ করতে পারে। তাই জমি ভালোভাবে চাষ ও মই দেয়ার পর প্রায় ৬-৭ ফুট চওড়া এবং ৪-৬ ইঞ্চি উঁচু বেডের সাথে ১-১.৫ ফুট চওড়া সেচ নালা রাখা উচিত।

চারা রোপন ঃ পলি ব্যাগ বা ট্রেতে চারা তৈরী করে নেয়া ভালো। বীজ গজানোর পর ১৫-২০ দিন বয়সের চারা রোপণ করা উত্তম।

চারা রোপনের দূরত্ব ঃ চারা হতে চারা ৪ ফুট এবং সারি হতে সারি ৫ ফুট।

মাচা তৈরী ঃ চালকুমড়া ও ধুন্দল গাছ অনেক ভারী হয়। তাই শক্ত মাচা তৈরী করা উচিৎ।

পরিচর্যা ঃ বেড সব সময় আগাছামুক্ত রাখতে হবে। গাছের গোড়া থেকে কমপক্ষে ৩ ফুট উচ্চতার সকল শোষক শাখা অপসারন করতে হবে।

সেচ ঃ খরার সময় নিয়মিত পানি সেচ দিতে হবে। তবে, অতিরিক্ত পানি সেচ অবশ্যই পরিহার করতে হবে।

পোকামাকড় এবং রোগবালাই ঃ চারা অবস্থায় রেড পামকিন বিটল, থ্রিপস এবং জাবপোকার আক্রমন এবং ফল আসা শুরু হলে ফলে মাছি পোকা এবং ফল ছিদ্রকারী পোকার আক্রমন দেখা দিতে পারে। এক্ষেত্রে ফেরোমন ফাঁদ এবং বিষ টোপ ব্যবহার করতে হবে। অ্যানথ্রাকনোজ বা গাছে পাউডারি বা ডাউনি মিলডিউ এর মত সমস্যা দেখা দিতে পারে। এক্ষেত্রে কৃষি বিভাগের কর্মী বা উপযুক্ত এবং অভিজ্ঞ ব্যক্তির পরামর্শ নিয়ে যথাযথ দমন ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সার প্রয়োগ ঃ নিম্ন লিখিত ছকের মাধ্যমে শতক প্রতি সার প্রয়োগের পরিমাণ ও সময়ের বিবরণ দেয়া হলো।

সারের পরিমাণ ও প্রয়োগ (প্রতি শতাংশ জমির জন্য)

সার	মোট সার	জমি তৈরীর সময়	শেষ চাষের সময়	চারা রোপনের পর উপরি প্রয়োগ (প্রতি মাদায়)		
				১০-১৫ দিন পর	৩০-৩৫ দিন পর	৬০-৬৫ দিন পর
পঁচা গোবর জৈব সার	৭০ কেজি	৭০ কেজি	--	--	--	--
ইউরিয়া	৮০০ গ্রাম	--	১৫০ গ্রাম	২৫০ গ্রাম	২০০ গ্রাম	২০০ গ্রাম
টি এস পি	৭৫০ গ্রাম	--	৭৫০ গ্রাম	--	--	--
এম ও পি	১০০ গ্রাম	--	১০০ গ্রাম	--	--	--
জিপসাম	৩০০ গ্রাম	৩০০ গ্রাম	--	--	--	--
জিংক/দস্তাসার	--	--	--	--	--	--
বোরাক্স	--	--	--	--	--	--
ম্যাগনেসিয়াম	--	--	--	--	--	--

বিশেষ দ্রষ্টব্য ঃ ক) যেকোনো সার প্রয়োগের কমপক্ষে ৩-৫ দিন পরে বীজ বপন বা চারা রোপন করতে হবে।

খ) প্রতিবার সারের উপরি প্রয়োগের পর জমির শুষ্কতার উপর নির্ভর করে অবশ্যই প্রয়োজন অনুসারে জমিতে পানি সেচ দিতে হবে।

গ) গাছের অবস্থা বুঝে দরকার হলে এক/দুইবার উপরি প্রয়োগের সমপরিমাণ ইউরিয়া সার প্রয়োগ করা যেতে পারে।

সর্তকতা : হাইব্রিড ঝিঙ্গা, চিচিংঙ্গা, চালকুমড়া ও ধুন্দল চাষ করে সেখান থেকে কোনক্রমেই পরবর্তীতে বীজ রাখা যাবে না।

Pumpkin

F1 HYBRID

রফিক সীডস্

F1 হাইব্রিড মিষ্টিকুমড়া ঃ অনিক-১

বৈশিষ্ট্য ঃ

- **বপন সময় ঃ** সেপ্টেম্বর-মার্চ মাস পর্যন্ত চাষ উপযোগী।
- **গাছের ধরণ ঃ** অধিক শাখা প্রশাখা বিশিষ্ট বড় আকৃতির গাছ।
- **১ম ফল সংগ্রহ ঃ** ৭৫-৮০ দিন। • **ফলের গড় ওজন ঃ** ৫-৬ কেজি।
- **ফলের আকার ঃ** অধিক খাঁজযুক্ত চ্যাপ্টা-গোলাকার।
- **ফলের রং ঃ** আকর্ষণীয় গাঢ় সবুজ (কাঁচা ফল)।
- **ফলন ঃ** ২০-২৫ টন (একর প্রতি)।
- এই জাতটির ফলের ভিতরের শাঁসের রং গাঢ় হলুদ, খেতে খুব সুস্বাদু, ফলের ভিতরে ফাঁপার পরিমাণ খুব কম। গাছ ভাইরাস ও অন্যান্য রোগ সহনশীল।

F1 হাইব্রিড মিষ্টিকুমড়া ঃ অনিক-২

বৈশিষ্ট্য ঃ

- **বপন সময় ঃ** জুন এবং জুলাই মাস বাদে সারাবছর চাষ উপযোগী।
- **গাছের ধরণ ঃ** অধিক শাখা প্রশাখা বিশিষ্ট বড় আকৃতির গাছ।
- **১ম ফল সংগ্রহ ঃ** ৭৫-৮০ দিন। • **ফলের গড় ওজন ঃ** ৫-৬ কেজি।
- **ফলের আকার ঃ** খাঁজযুক্ত মাঝারি চ্যাপ্টা-গোলাকার।
- **ফলের রং ঃ** ডোরাকাটা হলুদ ফোঁটযুক্ত আকর্ষণীয় সবুজ (কাঁচা ফল)।
- **ফলন ঃ** ২০-২৫ টন (একর প্রতি)।
- এই জাতটির ফলের ভিতরের শাঁসের রং গাঢ় হলুদ, খেতে খুব সুস্বাদু, ফলের ভিতরে ফাঁপার পরিমাণ খুব কম। গাছ ভাইরাস ও অন্যান্য রোগ সহনশীল।

F1 হাইব্রিড মিষ্টিকুমড়া ঃ চন্দ্রমুখী

বৈশিষ্ট্য ঃ

- **বপন সময় ঃ** সারাবছর চাষযোগ্য, উচ্চফলনশীল ও আগাম জাত।
- **গাছের ধরণ ঃ** অধিক শাখা প্রশাখা-বিশিষ্ট বড় আকৃতির গাছ।
- **১ম ফল সংগ্রহ ঃ** ৪৫-৫০ দিন। • **ফলের গড় ওজন ঃ** ১.৫-২ কেজি।
- **ফলের আকার ঃ** খাঁজযুক্ত মাঝারি চ্যাপ্টা-গোলাকার।
- **ফলের রং ঃ** ডোরাকাটা হলুদ ফোঁটাযুক্ত আকর্ষণীয় সবুজ (কাঁচা ফল)।
- **ফলন ঃ** ১৫-২০ টন (একর প্রতি)।
- এই জাতটির ফলের ভিতরের শাঁসের রং গাঢ় হলুদ, খেতে খুব সুস্বাদু, ফলের ভিতরে ফাঁপার পরিমাণ খুব কম। গাছ ভাইরাস ও অন্যান্য রোগ সহনশীল।

মিষ্টিকুমড়ার চাষ প্রণালী ও সার প্রয়োগের নিয়মাবলী

সময় ঃ শীতকালীন ফসলের জন্য অক্টোবর-ডিসেম্বর এবং গ্রীষ্মকালীন ফসলের জন্য ফেব্রুয়ারী-মে মাসে মিষ্টি কুমড়ার বীজ বপন বা চারা রোপনের উপযুক্ত সময়।

মাটি ঃ জৈব পদার্থ সমৃদ্ধ দো-আঁশ বা এঁটেল দো-আঁশ মাটি এবং চরাঞ্চলের পলি মাটিতে মিষ্টি কুমড়া ভাল জন্মে।

বীজের পরিমাণ ঃ ৩-৪ গ্রাম (শতক প্রতি)।

জমি তৈরী ঃ জমি ভালোভাবে চাষ ও মই দেয়ার পর ৮ ফুট চওড়া করে উপযুক্ত দৈর্ঘ্যের বেড তৈরী করতে হবে। বেডে ৬-৭ ফুট পর পর মাদা তৈরী করতে হবে। দুইটি বেডের মাঝে ১-১.৫ ফুট চওড়া সেচ নালা রাখা আবশ্যক।

চারা রোপন ঃ প্রথমে পলি ব্যাগে চারা তৈরী করে নেয়া ভালো। বীজ থেকে চারা গজানোর পর ১৫-১৬ দিন বয়সের চারা রোপন করা উত্তম। মাদায় সরাসরি বীজ বপনের ক্ষেত্রে প্রতি মাদায় কমপক্ষে ২ টি বীজ বপন করতে হবে এবং পরবর্তীতে যে চারাটি সুস্থ-সবল, সে চারাটি রেখে বাকি চারা তুলে ফেলতে হবে।

চারা রোপনের দূরত্ব ঃ প্রতিটি চারা/বীজের জন্য সারি থেকে সারি ৭ ফুট এবং গাছ থেকে গাছের দূরত্ব ৬ফুট হবে।

পোকামাকড় ও রোগব্যধি ঃ চারা অবস্থায় গাছে রেড পামকিন বিটল, সাদা মাছি, জাব পোকা ইত্যাদির আক্রমন দেখা দিতে পারে। ফল ধরা অবস্থায় ফলের মাছি পোকা ফল নষ্ট করে দিতে পারে। রোগ ব্যধির মধ্যে পাউডারী মিলডিউ এবং ডাউনি মিলডিউ উল্লেখযোগ্য। এ অবস্থায় কৃষি সম্প্রসারণ বিভাগের কর্মী অথবা এ বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তির পরামর্শ অনুসারে উপযুক্ত দমন ব্যবস্থা নিতে হবে। ফলের মাছি পোকা দমনের ক্ষেত্রে ফেরোমন ফাঁদ বা বিষটোপ বেশ কার্যকরী ব্যবস্থা।

সেচ ঃ মিষ্টি কুমড়া গাছ খরা ও অতিরিক্ত পানি কোনটাই সহ্য করতে পারে না। তাই প্রয়োজন অনুসারে সঠিক মাত্রায় পানি সেচ দিতে হবে।

আন্তঃ পরিচর্যা ঃ মিষ্টি কুমড়া চাষের ক্ষেত্রে জমি সবসময় আগাছা মুক্ত রাখতে হবে। জমিতে অতিরিক্ত পানি জমে গেলে পানি নিষ্কাশন করতে হবে। জমির মাটি অধিক শক্ত হয়ে গেলে মাঝে মধ্যে আঁচড়া দিয়ে মাটি আলগা করে দিতে হবে। স্ত্রী ফুল ফোটা শুরু হলে হাত পরাগায়নের ব্যবস্থা করলে ফলন বেশী পাওয়া যায়।

সার প্রয়োগ ঃ নিম্ন লিখিত ছকের মাধ্যমে শতক/মাদা প্রতি সার প্রয়োগের পরিমাণ ও সময়ের বিবরণ দেয়া হলো।

সারের পরিমাণ ও প্রয়োগ (প্রতি শতাংশ জমির জন্য)

সার	মোট সার	জমি তৈরীর সময়	শেষ চাষের সময়	চারা রোপনের পর উপরি প্রয়োগ (প্রতি মাদায়)			
				১০-১৫ দিন পর	৩০-৩৫ দিন পর	৫০-৫৫ দিন পর	৭০-৭৫ দিন পর
পঁচা গোবর জৈব সার	৮০ কেজি	২০ কেজি	৬০ কেজি	--	--	--	--
ইউরিয়া	৭৫০ গ্রাম	--		২৫০ গ্রাম	২৫০ গ্রাম	২৫০ গ্রাম	--
টি এস পি	৮০০ গ্রাম	২০০ গ্রাম	৫০০ গ্রাম	১০০ গ্রাম	--	--	--
এম ও পি	৬০০ গ্রাম	--	৩০০ গ্রাম	২০০ গ্রাম	১০০ গ্রাম	--	--
জিপসাম	৪০০ গ্রাম	৪০০ গ্রাম	--	--	--	--	--
জিংক/দস্তাসার	৫০ গ্রাম	৫০ গ্রাম	--	--	--	--	--
বোরাক্স	৪০ গ্রাম	৪০ গ্রাম	--	--	--	--	--
ম্যাগনেসিয়াম	৫০ গ্রাম	--	৫০ গ্রাম	--	--	--	--

বিশেষ দ্রষ্টব্য ঃ ক) যেকোনো সার প্রয়োগের কমপক্ষে ৩-৫ দিন পরে বীজ বপন বা চারা রোপণ করতে হবে।

খ) প্রতিবার সারের উপরি প্রয়োগের পর জমির শুষ্কতার উপর নির্ভর করে অবশ্যই প্রয়োজন অনুসারে জমিতে পানি সেচ দিতে হবে।

